

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী
publiclibrary.rajshahidiv.gov.bd

বই ধার দেওয়া সংক্রান্ত নীতিমালা

১. নীতিমালায় বর্ণিত সকল শর্ত গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্তৃপক্ষ এবং অনুমোদন প্রাপ্ত/সদস্য যথাযথ ভাবে পালন করতে বাধ্য থাকবেন।
২. সদস্য হোয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
৩. বই ধার ব্যবস্থায় তিন ধরনের সদস্য থাকবে:
৪. বয়স প্রমাণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রত্যায়ন পত্র সদস্য শ্রেণীকরণের জন্য বিবেচনা করা হবে।
৫. সাধারণ সদস্যের জন্য চাকুরিজীবী হলে নিয়োগকর্তা এবং অন্যান্যদের ক্ষেত্রে স্থানীয় পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা প্রথম গেজেটেড কর্মকর্তার এবং ছাত্র/ছাত্রী সদস্যের জন্য শিক্ষা প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধান কর্তৃক সুপারিশ সাপেক্ষে সদস্য করা যাবে। সদস্য পদ প্রত্যাহারের জন্য প্রতি বছরের ডিসেম্বর মাসের মধ্যে আবেদন করতে হবে।
৬. সত্যায়িত পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি যা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বা ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত।
৭. এক বছর সময়কালের জন্য সমস্যা করা হবে। সদস্য মেয়াদ এক বছর উত্তীর্ণ হোয়ার সাথেই সদস্য কার্ড নবায়ন করতে হবে। মেয়াদ উত্তীর্ণ হবার এক মাসের মধ্যে সদস্যপদ নবায়ন না করলে স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী এক বছরের জন্য সদস্যপদ নবায়ন হয়ে যাবে।
৮. সাধারণ ক্ষেত্রে ৫০০.০০ (পাঁচশত) টাকা। ছাত্র/ছাত্রী সদস্যদের ক্ষেত্রে ৩০০.০০ (তিনশত) টাকা ও শিশু সদস্যের ক্ষেত্রে ২০০.০০ (দুইশত) টাকা জামানত বাবদ জমা দিতে হবে। জামানতের এই অর্থ ফেরতযোগ্য।
৯. প্রত্যেক সদস্যকে এককালীন ২ (দুই) টি বইয়ের বেশী ধার দেয়া হবে না। সর্বোচ্চ ১৫ (পনের) দিনের জন্য বইধার দেয়া হবে।
১০. প্রতি বছর শেষে সদস্যদের মেয়াদোত্তীর্ণ হবার তারিখের ন্যূনতম একদিন পূর্বে উপস্থিত হয়ে ২৫ (পঁচিশ) টাকা নবায়ন ফি প্রদান করে সদস্যপদ নবায়ন করতে হবে।
১১. কোন সদস্য ধার নেয়া কোন বই হারিয়ে ফেললে বা ক্ষতিসাধন করলে বই এর মূল্যের দ্বিগুণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
১২. নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যদের নিকট থেকে প্রথম সপ্তাহে প্রতি অতিরিক্ত দিনের বই প্রতি ৫.০০ (পাঁচ) টাকা এবং দ্বিতীয় সপ্তাহ থেকে ১০ (দশ) টাকা জরিমানা আদায় করা হবে। যদি ৯০ (নব্বই) দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তাঁর জামানত বাজেয়াপ্ত করা হবে। এমনকি পরবর্তীতে তাঁর নামে আর কোন বই ইস্যু করা হবেনা।
১৩. জামানত, ক্ষতিপূরণ ও জরিমানা বাবদ প্রদেয় অর্থ সংশ্লিষ্ট সরকারি গণগ্রন্থাগারের ভারপ্রাপ্ত কর্মকর্তা বরাবরে নগদে জমা করতে হবে।
১৪. রেফারেন্স বই, দুঃপ্রাপ্য বই, সাময়িকী ও পত্র - পত্রিকা ধার দেয়া হবে না।
১৫. কোন সদস্যের বিরুদ্ধে অসদাচণ বা অন্য কোন শৃংখলা বিরোধী কাজের অভিযোগ পাওয়া গেলে কর্তৃপক্ষ তাঁর সদস্যপদ বাতিল করার এখতিয়ার রাখবে।
১৬. কোন সদস্যের বিরুদ্ধে অসদাচণ বা অন্য কোন শৃংখলা বিরোধী কাজের অভিযোগ পাওয়া গেলে কর্তৃপক্ষ তাঁর সদস্যপদ বাতিল করার এখতিয়ার রাখবে। যদি কোন সদস্যের বর্তমান ঠিকানা পরিবর্তন হয় তবে অবশ্যই ঠিকানা সাথে সাথেই কর্তৃপক্ষকে জানাতে হবে।
১৭. এই নীতিমালায় বর্ণিত যে কোন শর্ত বা বিধি কর্তৃপক্ষ প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন ও নতুন সংযোজন করতে পারবেন।